অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/24/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টোনি ব্রুক ইউনিভার্সিটি এবং কেনসিকো ড্যাম প্লাজায় কমিউনিটির বিনামূল্যে দেখার ইভেন্ট সহ স্টেট ব্যাপী বিশ্ব কাপের প্রচারণা অব্যাহত রেখেছেন

বিনামূল্যের ইভেন্টগুলি 2026 বিশ্বকাপে প্রবেশাধিকার প্রসারিত করবে এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে যুব ফুটবলে দীর্ঘমেয়াদী বিনিয়োগকে সমর্থন করবে

আরও বিস্তারিত তথ্য শীঘ্রই ঘোষণা করা হবে; তথ্য এখানেপাওয়া যাবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ লং আইল্যান্ড এবং মিড-হাডসন অঞ্চলে দুটি বিনামূল্যে, কমিউনিটি দেখার জন্য, বৃহৎ আকারের ইভেন্টের কথা ঘোষণা করেছেন, যা 2026 বিশ্বকাপের স্টেট ব্যাপী এবং অর্থনৈতিক প্রভাবকে স্টেট জুড়ে কমিউনিটির উপর সর্বাধিকভাবে ছড়িয়ে দেওয়ার জন্য নিউ ইয়র্ক স্টেটের সমন্বিত প্রচেষ্টার অংশ। নিউ ইয়র্ক স্টেট এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) এর নেতৃত্বে, পরিবার-বান্ধব দেখার ইভেন্টগুলি নিশ্চিত করবে যে অঞ্চল জুড়ে নিউ ইয়র্কবাসীরা এই ঐতিহাসিক বিশ্বব্যাপী মুহূর্তটিতে অংশগ্রহণ করার পাশাপাশি যুব ক্রীড়া এবং কমিউনিটির অবকাঠামোতে দীর্ঘমেয়াদী বিনিয়োগকে শক্তিশালী করবে। বিনামূল্যের ইভেন্টগুলি 12 জুন লং আইল্যান্ডের স্টনি ব্রুক ইউনিভার্সিটিতে (Stony Brook University) এবং 19 জুলাই ওয়েস্টচেস্টার কাউন্টির কেনসিকো ড্যাম প্লাজায় (Kensico Dam Plaza) অনুষ্ঠিত হবে, যা টুর্নামেন্টের গুরুত্বপূর্ণ ম্যাচগুলির সময়ের সাথে সামঞ্জস্য রাখবে।

"2026 বিশ্বকাপ আয়োজনে নেতৃত্বদানকারী ভূমিকা পালন করতে পেরে নিউ ইয়র্ক গর্বিত, এটি একটি প্রজন্মের মধ্যে একবারের বৈশ্বিক ইভেন্ট যা বিশ্ব মঞ্চে আমাদের স্টেটকে তুলে ধরবে এবং নিউ ইয়র্ক জুড়ে কমিউনিটিগুলিতে অর্থনৈতিক কর্মকাণ্ড তৈরি করবে," **গভর্নর Hochul (হোকল) বলেন**। "যদিও ম্যাচগুলি আন্তর্জাতিক মনোযোগ আকর্ষণ করবে, আমরা নিশ্চিত করছি যে প্রতিটি নিউ ইয়র্কবাসী বিনামূল্যে, কমিউনিটি-কেন্দ্রিক দেখার অভিজ্ঞতার মাধ্যমে এই ঐতিহাসিক ইভেন্টে অংশগ্রহণের সুযোগ পাবেন।" একই সাথে, আমরা যুব ক্রীড়া অবকাঠামো এবং কমিউনিটি স্পেসে দীর্ঘমেয়াদী বিনিয়োগ করছি যাতে বিশ্বকাপের সুবিধাগুলি বিশ্বকাপ শেষ হয়ে যাওয়ার পরেও দীর্ঘস্থায়ী হয়।"

স্টেট ব্যাপী স্থায়ী সুবিধার জন্য প্রধান বৈশ্বিক ইভেন্টগুলিকে কাজে লাগানোর জন্য গভর্নর Hochul (হোকল) এর বৃহত্তর কৌশলের উপর ভিত্তি করে, এই দেখার ইভেন্টগুলি সম্প্রতি ঘোষিত নিউ ইয়র্ক স্টেট কমিউনিটি ওয়ার্ল্ড কাপ গ্র্যান্ট প্রোগ্রাম (Community World Cup Grant

Program) এর পরিপূরক। এই প্রচেষ্টাগুলি গভর্নর Hochul (হোকল) এর অফলাইনে যান, বাইরে বেরোন (Get Offline, Get Outside) উদ্যোগকেও এগিয়ে নিয়ে যায়, যা নিউ ইয়র্কবাসীদের ডিভাইসগুলি থেকে সংযোগ বিচ্ছিন্ন করতে এবং তাদের কমিউনিটির বাইরে সময় কাটাতে উৎসাহিত করে, স্টেট জুড়ে সর্বজনীন স্থানগুলিকে প্রাণবন্ত করে তোলে এবং পরিবারের জন্য শেয়ার করা, কার্যকরী অভিজ্ঞতা তৈরি করে।

গভর্নর Hochul (হোকল) তার স্টেট অফ দ্য স্টেট (State of the State) এজেন্ডায় ঘোষণা করেছেন যে, বহুল প্রতীক্ষিত এই বিশ্বব্যাপী ফুটবল টুর্নামেন্ট নিউ ইয়র্ক স্টেট জুড়ে কমিউনিটিতে দীর্ঘমেয়াদী বিনিয়োগের অনুঘটকের কাজ করবে। স্টেট ব্যাপী প্রচেষ্টার অংশ হিসেবে, গভর্নর NY Kicks চালু করবেন: সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলিতে যুব ফুটবলের অবকাঠামো সম্প্রসারণের জন্য একটি বিশ্বকাপ লিগ্যাসি বিনিয়োগ তহবিল (World Cup Legacy Investment Fund), নতুন এবং উন্নত কমিউনিটির ফুটবল খেলার মাঠ এবং সুযোগ-সুবিধাগুলিকে সমর্থন করার পাশাপাশি স্থানীয় সরকার এবং কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলিকে প্রোগ্রামিং, সরঞ্জাম এবং প্রশিক্ষণ প্রদানের জন্য তহবিল প্রদান করা হবে যা টুর্নামেন্ট শেষ হওয়ার অনেক পরেও তরুণদের উপকৃত করবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "এই দর্শনীয় ইভেন্টগুলি ইচ্ছাকৃতভাবে কমিউনিটি-চালিত এবং শক্তিশালী স্থানীয় অংশীদারিত্বের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে, যা স্টেটের প্রতিটি কোণে প্রজন্মের মধ্যে একবার আসা এই সুযোগটি নিয়ে আসে। স্থানীয় নেতা, সংগঠন এবং ব্যবসা প্রতিষ্ঠানের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে, আমরা এমন অভিজ্ঞতা তৈরি করছি যা প্রতিটি অঞ্চলের অনন্য পরিচয়কে প্রতিফলিত করে এবং নিশ্চিত করছি যে এই ইভেন্টটি নিউ ইয়র্কবাসীদের নাগালের বাইরে নয়।"

স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের (State University of New York, SUNY) চ্যান্সেলর John B. King Jr. (জন বি. কিং জুনিয়র) বলেন, "আমাদের কমিউনিটিগুলিতে সরাসরি বিশ্বকাপ আনার জন্য গভর্নর Hochul (হোকল) এর সাথে অংশীদারিত্ব করতে পেরে SUNY গর্বিত। স্টোনি ব্রুকে (Stony Brook) স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক-এ এই বিনামূল্যে দেখার ইভেন্টের আয়োজন নিউ ইয়র্ক স্টেট জুড়ে কমিউনিটির সেবা করার জন্য SUNY-এর লক্ষ্যকে প্রতিফলিত করে। এটি খেলাধুলার শক্তির মাধ্যমে পরিবারগুলিকে একত্রিত করার, শিক্ষার্থীদের সম্পৃক্ত করার এবং তরুণদের অনুপ্রাণিত করার একটি সুযোগ। এই বিশ্বব্যাপী মুহূর্তটি যেন সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য একটি অর্থপূর্ণ স্থানীয় ঐতিহ্য তৈরি করে তা নিশ্চিত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।"

স্টেট সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা Andrea Stewart-Cousins (আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিন্স) বলেন, "আমাদের স্টেট জুড়ে কমিউনিটিগুলিতে বিনামূল্যে বিশ্বকাপ দেখার ইভেন্টগুলি আনার মাধ্যমে এই ঐতিহাসিক মুহূর্তটি সমস্ত নিউ ইয়র্কবাসী শেয়ার করে নিতে সক্ষম হবেন। আমি বিশেষভাবে আনন্দিত যে আমার ডিস্ট্রিক্টে অবস্থিত কেনসিকো ড্যাম প্লাজা একটি কমিউনিটি উদযাপনের আয়োজন করবে, যা ওয়েস্টচেস্টার এবং মিড-হাডসন অঞ্চলের বাসিন্দাদের একত্রিত হওয়ার এবং ঘরে বসেই বিশ্বব্যাপী কিছুর অংশ হওয়ার সুযোগ করে দেবে।

সমানভাবে গুরুত্বপূর্ণ, NY Kicks-এর মাধ্যমে যুব ফুটবলে বিনিয়োগ, ফাইনাল ম্যাচের পরেও স্থায়ী হবে এমন সুযোগ তৈরি করে, সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলিতে মাঠ, সরঞ্জাম এবং প্রোগ্রামিং-এর প্রবেশাধিকার প্রসারিত করতে সহায়তা করবে। নিউ ইয়র্ক জুড়ে কমিউনিটিগুলিতে প্রবেশাধিকার সম্প্রসারণ এবং বিনিয়োগে নেতৃত্বের জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে ধন্যবাদ জানাই।"

স্টেট সিনেটর Anthony Palumbo (অ্যান্থনি পালুম্বো) বলেন, "1980 সালে বরফের উপর অভাবনীয় ঘটনা থেকে শুরু করে গত সপ্তাহান্তে পুরুষ ও মহিলাদের অলিম্পিক হকিতে জয়লাভ — খেলাধুলা আমাদের বিভেদ দূর করার, আমাদের সকলকে একত্রিত করার এবং এই দেশকে সত্যিকার অর্থে মহান করে তোলার একটি উপায়। স্টনি ব্রুক ইউনিভার্সিটিতে বিশ্বকাপ দেখার পার্টি ব্যক্তি ও পরিবারকে কমিউনিটির চেতনায় একত্রিত হওয়ার এবং গর্বিত আমেরিকান হিসেবে Team USA (টিম ইউএসএ)-কে উৎসাহিত দেওয়ার সুযোগ করে দেবে।"

অ্যাসেম্বলি সদস্য Chris Burdick (ক্রিস বার্ডিক) বলেন, "বিশ্বকাপ একটি বিশ্বব্যাপী ইভেন্ট হতে পারে, কিন্তু এর প্রভাব এখানে আমাদের দেশে আরো বেশি অনুভূত হওয়া উচিত। কেনসিকো ড্যাম প্লাজায় কমিউনিটির বিনামূল্যে দেখার জন্য একটি ব্যবস্থা করা ওয়েস্টচেস্টার জুড়ে পরিবারগুলিকে একত্রিত হওয়ার এবং এই ঐতিহাসিক মুহূর্তের অংশ হওয়ার সুযোগ করে দেয়। এটি সম্ভব করার ক্ষেত্রে নেতৃত্ব দেওয়ার জন্য এবং আমাদের তরুণদের এবং কমিউনিটি স্পেসগুলিতে বিনিয়োগ করার জন্য আমি গভর্নর Hochul (হোকল) কে ধন্যবাদ জানাই, যার রেশ বিশ্বকাপ শেষ হয়ে যাওয়ার পরেও থেকে যাবে।"

অ্যাসেম্বলি সদস্য Rebecca Kassay (রেবেকা ক্যাসে) বলেন, "2026 বিশ্বকাপ উদযাপনের জন্য নিউ ইয়র্কের একটি সমাবেশস্থল হতে পেরে লং আইল্যান্ড গর্বিত এবং আমি আনন্দিত যে স্থানীয় পরিবারগুলি কমিউনিটির এই বিনামূল্যের দেখার ইভেন্টে স্টনি ব্রুক বিশ্ববিদ্যালয়ে একত্রিত হতে পারবে। সংস্কৃতি, প্রজন্ম এবং পাড়া-প্রতিবেশীদের একত্রিত করার ক্ষেত্রে ফুটবলের এক অসাধারণ ক্ষমতা আছে এবং এই ইভেন্টটি সকলের জন্য এই ঐতিহাসিক মুহূর্তের অংশ হওয়ার জন্য একটি অসাধারণ সুযোগ প্রদান করে। আমাদের স্থানীয় ব্যবসায়ী কমিউনিটির পক্ষ থেকে, আমাদের ছোট ব্যবসাগুলি যে সমস্ত পসরা নিয়ে আসে তা উপভোগ করার জন্য দোকান এবং রেস্তোরাঁয় অংশগ্রহণকারীদের আকর্ষণ করার এই সুযোগের জন্য আমি রোমাঞ্চিত। আমাদের অঞ্চলে এই ইভেন্টটি আনার জন্য এবং NY Kicks-এর মতো যুব ক্রীড়া উদ্যোগের মাধ্যমে আমাদের স্টেটের জন্য প্রবেশাধিকার, সাশ্রয়ী মূল্য এবং একটি স্থায়ী ক্রীড়ার দীর্ঘস্থায়ী প্রভাবকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এর কাছে কৃতজ্ঞ। কমিউনিটি স্পেসে বিনিয়োগ করে এবং তরুণ ক্রীড়াবিদদের জন্য সুযোগ সম্প্রসারণের মাধ্যমে, আমরা আজকের আমাদের কমিউনিটিগুলিকে ক্ষমতা প্রদান করছি এবং আমাদের স্টেটের উজ্জ্বল ভবিষ্যত গঠন করছি!"

সাফোক কাউন্টির এক্সিকিউটিভ Ed Romaine (এড রোমেইন) বলেন, "উত্তর আমেরিকায় আসন্ন বিশ্বকাপ কেবল এই খেলাধুলার প্রতি আগ্রহী ভক্তদের জন্যই নয়, বরং যারা টুর্নামেন্টের উত্তেজনায় ডুবে থাকবেন তাদের জন্যও এক বিরাট জয়।" সাফোক কাউন্টিতে স্টনি ব্রুক ক্যাম্পাসে এমন একটি ইভেন্টের আয়োজন নিশ্চিতভাবেই MetLife (মেটলাইফ)-এ

ফাইনাল খেলা পর্যন্ত যে উৎসাহ অব্যাহত থাকবে তার মঞ্চ তৈরি করবে। আমরা এর জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

ওয়েস্টচেস্টার কাউন্টির এক্সিকিউটিভ Ken Jenkins (কেন জেনকিন্স) বলেন, "এই গ্রীষ্মে বিশ্বকাপ আমাদের দোরগোড়ায় আসছে এবং ওয়েস্টচেস্টার কাউন্টি এটিকে স্বাগত জানাতে প্রস্তুত। 2026 FIFA World Cup (ফিফা বিশ্বকাপ) কেবল একটি বিশ্বব্যাপী ক্রীড়া ইভেন্ট নয়, বরং তার চেয়েও বেশি কিছু — এটি আমাদের প্রাণবন্ত কমিউনিটি, বৈচিত্র্যময় সংস্কৃতি, সমৃদ্ধ স্থানীয় ব্যবসা এবং আতিথেয়তা শিল্পকে আন্তর্জাতিক মঞ্চে প্রদর্শনের একটি অভাবনীয় সুযোগ। জুলাই মাসে কেনসিকো ড্যাম প্লাজায় এই পাবলিক ইভেন্টের আয়োজনের মাধ্যমে, আমরা নিশ্চিত করছি যে ওয়েস্টচেস্টারের সমস্ত বাসিন্দা এই ঐতিহাসিক মুহূর্তে সম্পূর্ণরূপে অংশগ্রহণ করতে পারবেন। এই স্মরণীয় উদযাপনের অংশ হিসেবে ওয়েস্টচেস্টারকে অন্তর্ভুক্ত করার জন্য আমরা গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) কে ধন্যবাদ জানাই।"

স্টোনি ব্রুক ইউনিভার্সিটির প্রেসিডেন্ট Andrea Goldsmith (আন্দ্রেয়া গোল্ডস্মিথ) বলেন, "এই বিশ্বকাপ দেখার ইভেন্টের জন্য লং আইল্যান্ড অঞ্চলের বিভিন্ন অঞ্চল থেকে ভ্রমণকারী হাজার হাজার পরিবারকে আমাদের ক্যাম্পাসে স্বাগত জানাতে পেরে স্টনি ব্রুক ইউনিভার্সিটি সম্মানিত এবং এই বিশেষ উদযাপনের আয়োজনের জন্য আমাদের বেছে নেওয়ার জন্য আমরা গভর্নর Hochul (হোকল) এর কাছে কৃতজ্ঞ। একটি পাবলিক ইউনিভার্সিটি এবং SUNY-এর একটি ফ্ল্যাগশিপ হিসেবে, পরিষেবার প্রতি আমাদের অঙ্গীকার শ্রেণীকক্ষের বাইরেও বিস্তৃত এবং আমরা যে কমিউনিটিগুলিকে সমর্থন করতে পেরে গর্বিত, সেখানেও বিস্তৃত। এই ইভেন্টটি আমাদের বাড়ি বলে পরিচিত অঞ্চলের সাথে সহজলভ্য, স্বাগতপূর্ণ এবং গভীরভাবে সংযুক্ত থাকার প্রতি আমাদের অঙ্গীকারকে প্রতিফলিত করে। এই ঐতিহাসিক বিশ্বব্যাপী মুহূর্তটি উদযাপনের জন্য আমাদের প্রতিবেশীদের একত্রিত হওয়ার জন্য আমাদের ক্যাম্পাসকে একটি মিলনস্থলে পরিণত হতে দেখে আমি রোমাঞ্চিত।"

লং আইল্যান্ড এবং মিড-হাডসন ইভেন্টগুলিতে প্রতিটি অঞ্চলকে প্রামাণিকভাবে প্রতিফলিত করার জন্য এবং বিশ্ব খেলার প্রতি নিউ ইয়র্কের আবেগ উদযাপনের জন্য কমিউনিটির ডেভেলপ করা প্রোগ্রামিংয়ের পাশাপাশি সরাসরি ম্যাচ সম্প্রচার থাকবে। হাজার হাজার অংশগ্রহণকারীদের স্বাগত জানাতে সক্ষম, বহিরঙ্গন অভিজ্ঞতার জন্য ডিজাইন করা, প্রতিটি ইভেন্ট তার অঞ্চলের অনন্য চরিত্রকে প্রতিফলিত করবে এবং একই সাথে কমিউনিটির সম্পৃক্ততা, ছোট ব্যবসার অংশগ্রহণ এবং অন্তর্ভুক্তিমূলক প্রবেশাধিকারকে উৎসাহিত করবে।

পরবর্তী কোনো তারিখে ইভেন্টের বিস্তারিত ঘোষণা করা হবে। ভবিষ্যতে নিউ ইয়র্ক স্টেট বিশ্বকাপের ঘোষণা সম্পর্কে অবহিত হওয়ার জন্য কীভাবে সাইন আপ করবেন তা সহ আরও তথ্যের জন্য, I LOVE NY (আই লাভ নিউ ইয়র্ক) ওয়েবসাইটটি এখানে দেখুন।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে
এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ অর্থনৈতিক উন্নয়ন সংগঠন, এবং স্টেট জুড়ে ব্যবসায়িক অগ্রগতি, কর্মসংস্থান তৈরি ও বৃহত্তর অর্থনৈতিক সুযোগকে বৃদ্ধি করে। স্টেটের 10 টি এলাকায় অফিসের পাশাপাশি, ESD আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের পরিচালনা

করে, কানেক্টঅল (ConnectALL) অফিসের মাধ্যমে ব্রডব্যান্ড ইকুইটিকে সহায়তা করে এবং সৃজনশীল প্রতিভার উন্নয়নের মাধ্যমে ভবিষ্যতের কর্মী সংখ্যা বৃদ্ধি করছে। এজেন্সিটি নিউ ইয়র্ক স্টেটে বিকাশ করতে ইচ্ছুক উদীয়মান এবং নেক্সট জেনারেশন ইন্ডাস্ট্রির সাথে কাজ করে যেমন ক্লিন এনার্জি এবং সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিং, ছোট ব্যবসার বিকাশ ও সফলতায় সাহায্য করতে সহায়তা সেন্টারের একটি নেটওয়ার্ক পরিচালনা করে, এবং I LOVE NY-এর মাধ্যমে স্টেটের বিশ্বমানের পর্যটন গন্তব্যগুলির প্রচার করে। আরো তথ্যের জন্য ভিজিট করুন esd.ny.gov, এবং যুক্ত হোন ESD-এর সাথে LinkedIn, Facebook এবং X এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন